



Ref:

প্রেস বিজ্ঞপ্তিDate :

১৭	০৩	২৪
----	----	----

**‘জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর আত্মত্যাগের মহিমায় অনুপ্রাণিত হয়ে
আমাদের শিশু-কিশোরদেরকে সুশিক্ষা অর্জনের মাধ্যমে দেশ গড়ার কাজে আত্মনিয়োগ করতে হবে’।**

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৮ তম জন্ম বার্ষিকী ও জাতীয়
শিশু-কিশোর দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তাগণ।

যে মহাপূরুষের জন্ম না হলে সৃষ্টি হতো না বাংলাদেশ, যিনি সারা জীবন শোষিত মানুষের পক্ষে লড়তে গিয়ে আপন সুখ-স্বাচ্ছন্দকে বিসর্জন দিয়েছেন তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তিনি আমর্ত্য প্রাণ দিয়ে ভালোবেসে গেছেন শিশু-কিশোরদের। আজকের যারা শিশু-কিশোর তারাই আগামি দিনের দেশের কর্ণধার। তাই তাদেরকে দেশ প্রেমে উদ্বৃদ্ধ হয়ে কঠোর অধ্যবসায় ও সুশিক্ষা অর্জনের মাধ্যমে নিজেদেরকে ভবিষ্যতে দেশের হাল ধরার জন্য উপযোগী করে গড়ে তুলে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৮তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু-কিশোর দিবসকে তাংপর্যমণ্ডিত করে তুলতে হবে। বন্দর তৈয়বিয়া ইসলামিয়া সুন্নিয়া ফায়িল মাদ্রাসা কর্তৃক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৮তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু-কিশোর দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান ১৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ
রবিবার সকাল ১০.০০ টায় অনুষ্ঠানের সভাপতি মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ বদিউল আলম রিজাতি উপরোক্ত অভিযন্ত
ব্যক্ত করেন। উক্ত অনুষ্ঠানে বক্তব্য পেশ করেন সর্বজনাব এ.এস.এম. জালাল উদ্দীন ফারুকী, মাওলানা মুহাম্মদ আবুল
হাছানাত, মুহাম্মদ আমির আলী, মিসেস রাবেয়া সুলতানা, মিসেস জালাতুল ফেরদৌস, মাওলানা ছফির আহমদ, মুহাম্মদ নুরুল
ইসলাম, মাওলানা মুহাম্মদ ইউনুচ তৈয়বী, মাওলানা মুহাম্মদ রফিকুল ইসলাম আনোয়ারী, মিসেস রাহিমা বগেম, মুহাম্মদ
আতাউর রহমান কায়সার, মিসেস উম্মে হাবিবা, মাওলানা মুহাম্মদ এনাম উদ্দীন, মিসেস শাহীদা আকতার, মিসেস উম্মে হাবিবা
রিয়া প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জনাব মুহাম্মদ মহিদউদ্দিন ও সমন্বয়ক ছিলেন জনাব আতাউর রহমান কায়সার। ক, খ
ও গ হিসেবে ৬ষ্ঠ থেকে ফায়িল পর্যন্ত ৩০জন শিক্ষার্থী লিখিত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন, “ইসলামে শিশু অধিকার”
বিষয়ে প্রতিশ্রূতের তৃতীয় উপস্থিতি বক্তৃতায় অংশগ্রহণ করেন। বিজয়ী প্রতিযোগিদের মধ্যে ১৮জন শিক্ষার্থীকে পুরস্কারের
জন্য নির্বাচন করা হয়।

পরিশেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতিচারণ এবং দেশের শান্তি, স্থিতিশীলতা, উন্নতি ও সমৃদ্ধি কামনা করে
দুআ ও মুনাজাতের মাধ্যমে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।



১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৮তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু-কিশোর দিবস বক্তব্য প্রবন্ধে অধ্যক্ষ
আল্লামা মুহাম্মদ বদিউল আলম রিজাতি ছান্নে।

বার্তা পরিবেশক

[Signature]
১৭.০৩.২০২৪

মাওলানা মুহাম্মদ বদিউল আলম রিজাতি

অধ্যক্ষ-সচিব

মাদ্রাসা-এ তৈয়বিয়া ইসলামিয়া সুন্নিয়া ফায়িল (ডিগ্রী)

মধ্য-হালিশহর, বন্দর, চট্টগ্রাম।